

# নিউ ইয়র্ক প্রস্তুত



# আমার জরুরি পরিকল্পনা






**এখন অন্তর্ভুক্ত রয়েছে**
**NYC হারিকেন গাইড ও ইভ্যাকুয়েশন জোনের ম্যাপ**

NYC Emergency Management | Department for the Aging | Mayor's Office for People with Disabilities

Approved Ready U.S. Department of Homeland Security

**আমার তথ্য**

অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন। PDF ফাইল হিসেবে দেখার সময়, তথ্য টাইপ করতে হাইলাইট করা অংশগুলোতে ক্লিক করুন।

নাম:

ঠিকানা:

দিবাকালীন ফোন নম্বর:

সান্ধ্যকালীন ফোন নম্বর:

সেল ফোন:

ইমেইল:

যেকোনো জরুরি পরিস্থিতির জন্য প্রস্তত হওয়ার তিনটি মৌলিক পদক্ষেপ রয়েছে:

## একটি পরিকল্পনা তৈরি করুন

## দরকারি জিনিসপত্র সংগ্রহ করুন

## অবহিত থাকুন

জরুরি পরিস্থিতি আপনাকে কিভাবে প্রভাবিত করতে পারে তা ভেবে দেখুন। জরুরি পরিস্থিতির মধ্যে থাকতে পারে ঘরের মধ্যে পড়ে যাওয়া থেকে শুরু করে বাড়িতে আগুন লাগা এবং এমনকি ঘূর্ণিঝড় পর্যন্ত। জরুরি পরিস্থিতিতে আপনার কী কী প্রয়োজন হতে পারে সেগুলোর একটি তালিকা তৈরি করার জন্য এখন এই গাইডটি ব্যবহার করুন।

অনুগ্রহ করে আপনার ও আপনার প্রয়োজনের জন্য প্রযোজ্য অনুচ্ছেদগুলো পূরণ করুন। এছাড়াও আপনি Android ও iOS ডিভাইসের জন্য Ready NYC অ্যাপে এই পরিকল্পনাটি ডাউনলোড ও পূরণ করতে পারেন।

*জরুরি পরিস্থিতির জন্য আরো প্রস্তুতিমূলক সামগ্রী পেতে NYC.gov/readyny ওয়েবসাইটে যান, এখানে নিউ ইয়র্ক* প্রস্তুত: আপনার পরিকল্পনা কি? *ভিডিও সিরিজ রয়েছে।*

# একটি জরুরি সাপোর্ট নেটওয়ার্ক তৈরি করুন

জরুরি পরিস্থিতি একা সামলানোর চেষ্টা করবেন না। কমপক্ষে দুইজন ব্যক্তিকে আপনার জরুরি সাপোর্ট নেটওয়ার্কে থাকতে বলুন - তারা হতে পারেন পরিবারের সদস্য, বন্ধু-বান্ধব, প্রতিবেশী, পরিচর্যাকারী, সহকর্মী, বা কমিউনিটি গ্রুপের সদস্য। মনে রাখবেন, জরুরি পরিস্থিতিতে আপনারা পরস্পরকে সাহায্য করতে ও স্বস্তি দিতে পারেন।

আপনার নেটওয়ার্কের সদস্যরা:

- জরুরি পরিস্থিতিতে যোগাযোগ রক্ষা করবেন।
- আপনাদের জরুরি সামগ্রীগুলো কোথায় সংরক্ষিত আছে সেটা মনে রাখবেন।
- আপনার চিকিৎসা সরঞ্জামগুলো কিভাবে ব্যবহার করতে হয় তা জানবেন অথবা জরুরি পরিস্থিতিতে আপনাকে একটি নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যেতে সাহায্য করবেন।

**জরুরি সাপোর্ট নেটওয়ার্কের সাথে যোগাযোগের তথ্য:**

| | |
|---|---|
| নাম/সম্পর্ক: | |
| ফোন (বাড়ি/অফিস/সেল): | |
| ইমেইল: | |
| নাম/সম্পর্ক: | |
| ফোন (বাড়ি/অফিস/সেল): | |
| ইমেইল: | |

আপনার নিজের এলাকার বাইরের কোনো একজন বন্ধু বা আত্মীয়কে বেছে নিন, যাকে আপনার পরিবার বা বন্ধুরা কোনো বিপর্যয়ের সময় ফোন করতে পারবেন। স্থানীয় ফোন লাইনগুলো ব্যস্ত থাকলে, দূরবর্তী কোনো জায়গায় ফোন করা সহজ হতে পারে। আপনার এলাকার বাইরে অবস্থিত এই ব্যক্তিটি আপনাকে আপনার নেটওয়ার্কের সদস্যদের সাথে যোগাযোগে সাহায্য করতে পারবেন।

**আপনার নিজের এলাকার বাইরের কন্টাক্ট:**

| | |
|---|---|
| নাম/সম্পর্ক: | |
| ফোন (বাড়ি/অফিস/সেল): | |
| ইমেইল: | |

# একটি পরিকল্পনা তৈরি করুন

**স্বাস্থ্য ও চিকিৎসা সংক্রান্ত তথ্য**

এমন একটি পরিকল্পনা তৈরি করুন যা আপনার প্রয়োজন পূরণ করার জন্য সবচেয়ে উপযুক্ত। আপনার সুনির্দিষ্ট প্রয়োজনসমূহ ও জরুরি সময়ে সেগুলো কিভাবে পূরণ করতে হবে সে ব্যাপারে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট, ও অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে কথা বলুন।

আপনার জরুরি যোগাযোগের ব্যক্তিদের সাথে যোগাযোগের তথ্য ও স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলোর একটি ফটোকপি করে নিন। এটিকে সবসময় আপনার ওয়ালেটে বা পার্সের ভেতরে রাখুন।

**স্বাস্থ্য ও জীবন রক্ষাকারী গুরুত্বপূর্ণ তথ্য:**

| | |
|---|---|
| অ্যালার্জিসমূহ: | |
| অন্যান্য মেডিকেল সমস্যা: | |
| | |
| অত্যাবশ্যক ওষুধপত্র এবং দৈনন্দিন ওষুধের ডোজ: | |
| | |
| | |
| চশমার প্রেসক্রিপশন: | |
| রক্তের গ্রুপ: | |
| যোগাযোগের ডিভাইসসমূহ: | |
| সরঞ্জাম: | |
| হেলথ ইন্স্যুরেন্স প্ল্যান: | |
| পছন্দসই হাসপাতাল: | |
| ব্যক্তিগত #/গ্রুপ #: | |
| ডাক্তার/বিশেষজ্ঞ: | |
| ফোন: | |
| ডাক্তার/বিশেষজ্ঞ: | |
| ফোন: | |
| ফার্মাসি: | |
| ঠিকানা: | |
| সিটি: | |
| ফোন/ফ্যাক্স: | |

# একটি পরিকল্পনা তৈরি করুন (চলমান)

## যোগাযোগ

আপনার পরিকল্পনায় যোগাযোগের বিষয়টি অন্তর্ভুক্ত করুন

জরুরি পরিস্থিতিতে আপনি বন্ধু-বান্ধব বা জরুরি কর্মীদের সাথে কিভাবে কথা বলবেন সে ব্যাপারে এখন সময় নিয়ে পরিকল্পনা করুন। জরুরি পরিস্থিতিতে, পারিপার্শ্বিক অবস্থার পরিবর্তন, আওয়াজ, সার্ভিস ব্যাহত হওয়া বা বিভ্রান্তির কারণে আপনার যোগাযোগের স্বাভাবিক ব্যবস্থাগুলো প্রভাবিত হতে পারে। আপনি অন্যদের সাথে যে বিভিন্ন উপায়ে যোগাযোগ করতে পারেন সেগুলো আপনার জরুরি পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকা উচিত।

- যদি আপনি বধির হয়ে থাকেন বা কানে কম শুনে থাকেন, তাহলে অন্যদেরকে আপনার প্রয়োজন সম্পর্কে জানানোর জন্য বিকল্প উপায় অনুশীলন করুন, যেমন অঙ্গভঙ্গি, নোট কার্ড, টেক্সট মেসেজ, বা অন্যান্য উপায়।
- যদি আপনি অন্ধ হয়ে থাকেন বা চোখে কম দেখেন, তাহলে আপনাকে কিভাবে সবচেয়ে ভালোভাবে দিক-নির্দেশনা দেয়া যায় সে বিষয়টি অন্যদের কাছে ব্যাখ্যা করার জন্য প্রস্তুত থাকুন।

## অন্যদের সাথে যোগাযোগ করুন

আপনাকে জরুরি পরিস্থিতিতে সাহায্য করতে পারে এমন কিছু সংক্ষিপ্ত বাক্য লিখে রাখুন। আগে থেকে লিখে রাখা কার্ড বা টেক্সট মেসেজ উদ্বেগজনক বা অস্বস্তিকর পরিস্থিতিতে আপনার সাপোর্ট নেটওয়ার্ক বা জরুরি উদ্ধারকর্মীদের সাথে তথ্য সরবরাহ করতে আপনাকে সাহায্য করতে পারে। আপনার বার্তা পৌঁছে দেয়ার মত যথেষ্ট সময় আপনি নাও পেতে পারেন। বাক্যগুলোর মধ্যে থাকতে পারে:

- আপনি আমাকে যা বলছেন তা বুঝতে আমার হয়তো সমস্যা হচ্ছে। অনুগ্রহ করে ধীরে কথা বলুন এবং সহজ ভাষা বা ছবি ব্যবহার করুন।
- যোগাযোগ করার জন্য আমি একটি যন্ত্র ব্যবহার করি।
- আমি বধির এবং অ্যামেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ ব্যবহার করি।
- অনুগ্রহ করে দিকনির্দেশনাগুলো লিখে দিন।
- আমি নিচে লেখা ভাষায় কথা বলি [নিচে ভাষার নাম লিখুন]।

আপনার আগে থেকে লিখে রাখা বাক্যগুলো আপনার বাড়ির ভেতরের বা বাড়ির বাইরের জরুরি পরিস্থিতির জন্য প্রযোজ্য হওয়া উচিত। এটি সবসময় আপনার সঙ্গে রাখার বিষয়টি নিশ্চিত করুন। আপনার সমস্যা হলে, আপনার পরিবার, বন্ধু-বান্ধব বা কেয়ারগিভারের কাছে সাহায্য চান।

**নিচের খালি জায়গায় আপনার নিজস্ব বাক্যগুলো লিখুন:**

## বহুতল ভবন ও বেসমেন্টে বসবাসকারী বাসিন্দাদের জন্য বিবেচ্য বিষয়সমূহ

যদি আপনি একটি বহুতল অ্যাপার্টমেন্ট বিল্ডিং বা বেসমেন্ট অ্যাপার্টমেন্টে থাকেন, তাহলে আপনি বন্যা ও হারিকেনের মতো গুরুতর আবহাওয়া থেকে বিশেষ ঝুঁকির সম্মুখীন হতে পারেন।

- যদি আপনি কোনো বহুতল ভবনে বসবাস করেন, তাহলে নিশ্চিত করুন যে জানালাগুলো বন্ধ আছে, জানালাগুলো থেকে দূরে থাকুন, কারণ সেগুলো ভেঙে যেতে পারে বা চূর্ণবিচূর্ণ হয়ে যেতে পারে।
- বেসমেন্টে বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে। যদি আপনি একটি বেসমেন্ট অ্যাপার্টমেন্টে বসবাস করেন, তাহলে মাটির উপরের কোনো শেল্টারে আশ্রয় নেয়ার জন্য প্রস্তুত থাকবেন। ভারী বৃষ্টিপাতের সময় উপরের দিকের কোনো তলায় চলে যান। প্রয়োজন অনুযায়ী সরে যাওয়ার জন্য প্রস্তুত থাকুন।
- মূল্যবান জিনিসপত্রগুলো বেসমেন্ট থেকে উপরের দিকের ফ্লোরগুলোতে নিয়ে যান।
- যথাযথ বিমা নিন। আপনি ভাড়া থাকেন বা নিজেই বাড়ির মালিক হন, বেসিক পলিসিগুলোতে বন্যা ও বাতাসের ক্ষতি কভার করা হয় না। কোন জিনিসগুলোর ঝুঁকি কভার করা হয়েছে তা বুঝতে আপনার বিমা পলিসি পর্যালোচনা করুন।

# নিরাপদ জায়গায় সরে যাওয়ার উপায় সম্পর্কে জানুন

**সাক্ষাতের স্থান**

জরুরি অবস্থা কেটে যাওয়ার পর আপনি পরিবার, বন্ধু-বান্ধব, বা কেয়ারগিভারের সাথে কোথায় সাক্ষাৎ করবেন তা জেনে নিন। সাক্ষাতের জন্য দু'টি জায়গা বেছে নিন: একটি ঠিক আপনার বাড়ির বাইরে এবং আরেকটি আপনার এলাকার বাইরে, যেমন কোনো লাইব্রেরি, কমিউনিটি সেন্টার বা প্রার্থনার স্থানে।

যেকোনো নতুন জায়গায় গেলে (যেমন শপিং মল, রেস্তোঁরা, মুভি থিয়েটার) সেখান থেকে বের হওয়ার পথ (এক্সিট) চিনে রাখার অভ্যাস করুন।

| | |
|---|---|
| বাড়ির নিকটবর্তী সাক্ষাতের স্থান: | |
| ঠিকানা: | |
| এলাকার বাইরে সাক্ষাতের স্থান: | |
| ঠিকানা: | |
| স্থানীয় থানা: | |
| ফোন নম্বর ও ঠিকানা: | |

- আপনার প্রাণের ঝুঁকি থাকলে অবিলম্বে নিরাপদ জায়গায় চলে যান।
- আপনি গ্যাসের গন্ধ পেলে, অথবা ধোঁয়া বা আগুন দেখলে অবিলম্বে নিরাপদ জায়গায় চলে যান।
- জরুরি সহায়তার প্রয়োজন হলে 911 নম্বরে ফোন করুন।
- জরুরি অবস্থা সম্পর্কে সর্বশেষ তথ্য জানার জন্য স্থানীয় রেডিও ও টিভি সম্প্রচার শোনা, NYC.gov ওয়েবসাইট দেখা, বা 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 নম্বরে, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করার কথা মনে রাখবেন।



### আপনি কোথায় থাকবেন তা জেনে রাখুন

আপনার এলাকার বাইরে থাকা বন্ধুদের বা আত্মীয়দের জিজ্ঞেস করুন যে আপনি তাদের সাথে থাকতে পারবেন কিনা। তাদের COVID-19 এর লক্ষণগুলো আছে কিনা অথবা তাদের বাড়িতে গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকিতে রয়েছে এমন লোকজন আছে কিনা তা চেক করে দেখুন। যদি তাদের লক্ষণগুলো থাকে বা তাদের বাড়িতে উচ্চ ঝুঁকিতে থাকা কোনো ব্যক্তি থাকে, তাহলে অন্য কোনো জায়গায় যেমন কোনো হোটেলে বা ইভ্যাকুয়েশন সেন্টারে থাকার ব্যবস্থা করুন।

**আমি যাদের সাথে আশ্রয় নিতে পারি:**

| | |
|---|---|
| নাম/সম্পর্ক: | |
| ঠিকানা: | |
| ফোন (বাড়ি/অফিস/সেল): | |
| ইমেইল: | |
| নাম/সম্পর্ক: | |
| ঠিকানা: | |
| ফোন (বাড়ি/অফিস/সেল): | |
| ইমেইল: | |

আপনার বাড়ির সদস্যদেরকে নিয়ে (আপনার পোষা প্রাণী ও সহায়তা প্রদানকারী প্রাণীসহ) নিরাপদ জায়গায় সরে যাওয়ার প্রক্রিয়া নিয়মিতভাবে অনুশীলন করুন এবং আপনারা যেসব অবস্থার সম্মুখীন হতে পারেন, যেমন বন্ধ হয়ে যাওয়া রাস্তা বা বের হওয়ার পথ, সেগুলো বিবেচনা করুন।

অগ্নিকাণ্ডের ক্ষেত্রে অগ্নি-নিরোধক বাড়িগুলোর সব বাসিন্দাকে নিম্নলিখিত কাজগুলো করার জন্য অনুরোধ জানানো হচ্ছে:

**যদি আপনার অ্যাপার্টমেন্টে আগুন লাগে:**

- অবিলম্বে সরে যান এবং আপনার পিছনে দরজা বন্ধ করে দিন।
- আপনি অ্যাপার্টমেন্টের বাইরে সরে যাওয়া মাত্র 911 নম্বরে ফোন করুন।

**যদি আগুনটা আপনার অ্যাপার্টমেন্টে না লেগে থাকে:**

- আপনার অ্যাপার্টমেন্টের ভিতরে অবস্থান করুন। সাত তলার চেয়ে বেশি উঁচু বাড়িগুলো অগ্নি-নিরোধক।
- 911 নম্বরে ফোন করুন; অপারেটরকে জানান যে আপনি সেখানে আছেন। FDNY আপনার অ্যাপার্টমেন্টে আসবে।
- আপনার দরজা বন্ধ রাখুন। আপনার অ্যাপার্টমেন্টের ভিতরে ধোঁয়া আসতে থাকলে, আপনার দরজার নিচে একটি ভেজা তোয়ালে দিয়ে চাপা দিন।

# নিরাপদ জায়গায় সরে যাওয়ার উপায় সম্পর্কে জানুন

## পরিবহন

সাবওয়ে, বাস, ইত্যাদি, অথবা অন্যান্য পরিবহন যদি না চলে তাহলে পরিবহনের অন্যান্য ব্যবস্থা সম্পর্কে পরিকল্পনা করতে প্রস্তুত থাকুন। জরুরি ইভেন্টসমূহ ও পরিবহন বিভ্রাটসহ সিটির গুরুত্বপূর্ণ সার্ভিসগুলোতে পরিবর্তন সম্পর্কে তথ্য জানতে নিউ ইয়র্ক সিটির বিনামূল্যে পরিচালিত অফিসিয়াল জরুরি যোগাযোগ কর্মসূচি Notify NYC-তে সাইন আপ করুন।

| | |
|---|---|
| বিকল্প বাস: | |
| বিকল্প সাবওয়ে/ট্রেন: | |
| অন্যান্য: | |
| আমি (বন্ধুকে) ফোন করবো: | |
| ফোন (বাড়ি/অফিস/সেল): | |
| ট্যাক্সি সার্ভিস: | |
| ফোন: | |

**মনে রাখবেন:** যদি জরুরি পরিস্থিতিতে আপনার বাড়ি ছেড়ে নিরাপদ জায়গায় সরে যাওয়ার প্রয়োজন দেখা দেয় এবং আপনার সাহায্যের দরকার হয়, তাহলে অনুগ্রহ করে 911 নম্বরে ফোন করুন।

উপকূলীয় ঝড় বা হারিকেনের সময়, 'হারিকেন ইভ্যাকুয়েশন জোন'-এ বসবাসকারীদের জন্য 'ইভ্যাকুয়েশন অর্ডার' (নিরাপদ জায়গায় সরে যাওয়ার নির্দেশ) জারি করা হতে পারে। আপনি 'হারিকেন ইভ্যাকুয়েশন জোন'-এ বসবাস করছেন কিনা তা জানতে সংযুক্ত মানচিত্রটি দেখুন অথবা NYC.gov/knowyourzone ওয়েবসাইটে 'হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার' দেখুন অথবা 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

সিটি যদি 'ইভ্যাকুয়েশন অর্ডার' জারি করে, তাহলে নির্দেশনা অনুযায়ী নিরাপদ জায়গায় সরে যান। যাতায়াতের জন্য অতিরিক্ত সময় হাতে রাখুন এবং আপনার প্রয়োজনগুলো বিবেচনা করুন। প্রতিবন্ধী ব্যক্তিরা অথবা যাদের চলাফেরার জন্য বা অন্যান্য বিশেষ চাহিদা রয়েছে এবং নিরাপদ জায়গায় নির্বিঘ্নে সরে যাওয়ার জন্য আর কোনো উপায় নেই তারা 311 নম্বরে ফোন করে পরিবহন সুবিধার জন্য অনুরোধ জানাতে পারেন। আপনার প্রয়োজনের উপর ভিত্তি করে, আপনাকে হয়তো নেওয়া হতে পারে:

- আপনার জন্য প্রবেশযোগ্য একটি গাড়িতে করে প্রবেশযোগ্য একটি ইভ্যাকুয়েশন সেন্টারে, অথবা
- অ্যাম্বুলেন্সে করে ইভ্যাকুয়েশন জোনের বাইরের কোনো হাসপাতালে।

আপনি নিজের পছন্দমত কোনো নির্দিষ্ট জায়গায় যাওয়ার জন্য পরিবহনের অনুরোধ জানাতে পারবেন না।

আপনার ভবন থেকে বের হওয়ার জন্য যদি আপনি এলিভেটরের উপর নির্ভরশীল থাকেন তাহলে আগেভাগেই বের হয়ে যাবেন। এলিভেটর বিকল হয়ে যেতে পারে এবং সবসময় পাওয়া নাও যেতে পারে।

| | |
|---|---|
| আমার বসবাসের জোন: | |
| আমার অফিসের জোন: | |

**আশ্রয় গ্রহণ**

জরুরি পরিস্থিতিতে যদি আপনাকে নিরাপদ জায়গায় সরে যাওয়ার নির্দেশ দেয়া হয় অথবা আপনার বাড়িতে অবস্থান করতে সমস্যা হয়, তাহলে কোনো হোটেলে, বন্ধু বা আত্মীয়ের বাসায় অথবা কোনো আশ্রয়কেন্দ্রে যাওয়ার বিষয়টি বিবেচনা করুন। যদি আপনি কোনো জরুরি আশ্রয়কেন্দ্রে যান, তাহলে একটি মাস্ক পরুন এবং আপনার ও অন্য ব্যক্তিদের মধ্যে শারীরিক দূরত্ব বজায় রাখুন (অর্থাৎ, কমপক্ষে 6 ফুট দূরে থাকুন)।

স্কুলে, সিটির বাড়িগুলোতে, ও উপাসনালয়গুলোতে জরুরি আশ্রয়কেন্দ্র স্থাপন করা হবে। আশ্রয়কেন্দ্রে সাধারণ খাবার, পানি ও দরকারি জিনিসপত্র প্রদান করা হয়। বিশেষ সরঞ্জামসহ (যেমন অক্সিজেন, হাঁটাচলায় সাহায্যের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম, ব্যাটারি ইত্যাদি) আপনার প্রয়োজন হতে পারে এমন জিনিসপত্র সাথে নেয়ার জন্য প্রস্তুত থাকুন। পরিবারের সদস্য অথবা আপনার জরুরি সাপোর্ট নেটওয়ার্কের সদস্যরা আপনার সাথে আশ্রয়কেন্দ্রে আসতে পারেন।

যদি আপনি কোনো পোষা প্রাণীর মালিক হয়ে থাকেন, তাহলে আপনার পোষা প্রাণীটিকে ইভ্যাকুয়েশন এলাকার বাইরে কোনো পশুশালায় অথবা বন্ধু বা আত্মীয়ের কাছে রাখুন। যদি আপনি তা করতে না পারেন, সিটির সব আশ্রয়কেন্দ্রে পোষা প্রাণী রাখার অনুমতি রয়েছে। আপনার পোষা প্রাণীর খাবার, বেঁধে রাখার ফিতা, বহনের সামগ্রী, ও ওষুধপত্র সহ তার যত্ন নেয়ার জন্য দরকারি জিনিসপত্র অনুগ্রহ করে সাথে নিয়ে আসবেন। আপনার পশুর মল পরিষ্কার করার সামগ্রী নিয়ে আসবেন। শুধু বৈধ পোষা প্রাণীর জন্য অনুমতি দেয়া হয়। সাহায্যকারী প্রাণীকে সবসময়ই সঙ্গে রাখার অনুমতি দেয়া হয়। জরুরি পরিস্থিতিতে পোষা প্রাণী নিয়ে পরিকল্পনা করা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে পড়ুন- Ready New York: আমার পোষা প্রাণীর জন্য জরুরি পরিকল্পনা।

জরুরি পরিস্থিতির ধরন অনুযায়ী আশ্রয়কেন্দ্র পরিবর্তিত হতে পারে। আপনার নিকটস্থ আশ্রয়কেন্দ্র খুঁজতে, 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

# একটি গো-ব্যাগ প্যাক করুন

আপনার বাড়ির প্রত্যেকেরই একটি করে গো-ব্যাগ থাকা উচিত– এটি হলো এমনসব জিনিসপত্রের সংগ্রহ যেগুলো আপনি তাড়াহুড়া করে বাড়ি ছেড়ে যাওয়ার সময় সাথে নিতে চাইবেন। আপনার গো-ব্যাগ একটি ব্যাকপ্যাকের মত বা চাকাযুক্ত ছোট একটি স্যুটকেসের মত মজবুত ও সহজে বহনযোগ্য হতে হবে।

**আপনার যেসব জিনিসপত্রের তালিকা আছে সেগুলোতে টিকচিহ্ন দিন এবং যেগুলো আপনার প্রয়োজন হবে সেগুলো যোগ করুন:**

- ☐ বোতলের পানি এবং গ্র্যানোলা বারের মত অপচনশীল খাবার
- ☐ একটি পানিরোধী কন্টেইনারে আপনার গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপি (যেমন ইন্স্যুরেন্স কার্ড, মেডিকেয়ার/মেডিকেইড কার্ড, ফটো আইডি, ঠিকানার প্রমাণ, বিবাহ ও জন্মসনদ, ক্রেডিট কার্ড ও এটিএম কার্ডের কপি)
- ☐ ফ্ল্যাশলাইট, হ্যান্ড-ক্র্যাংক বা ব্যাটারি-চালিত AM/FM রেডিও, ও অতিরিক্ত ব্যাটারি
- ☐ আপনি যেসব ওষুধপত্র খান সেগুলোর নাম এবং সেগুলো কেন খান তার তালিকা, এবং সেগুলোর ডোজ সম্পর্কিত তথ্য
- ☐ আপনার বাড়ির এবং আপনার সাপোর্ট নেটওয়ার্কের সদস্যদের সাথে যোগাযোগের তথ্য
- ☐ নগদ টাকা, ছোট নোটে
- ☐ নোটপ্যাড ও কলম
- ☐ মেডিকেল সরঞ্জামের ব্যাকআপ (যেমন চশমা, ব্যাটারি) ও চার্জার
- ☐ হুইলচেয়ার বা স্কুটারের ফেঁসে যাওয়া টায়ার সারানোর জন্য অ্যারোসল টায়ার রিপেয়ার কিট এবং/অথবা টায়ার ফোলানোর উপকরণ
- ☐ আপনার সাহায্যকারী প্রাণী বা পোষা প্রাণীর জন্য দরকারি জিনিসপত্র (যেমন খাবার, অতিরিক্ত পানি, বাটি, বাঁধার ফিতা, পরিষ্কার করার সরঞ্জামসমূহ, টিকার রেকর্ড, ও ওষুধপত্র)
- ☐ বহনযোগ্য সেল ফোন চার্জার
- ☐ নিজেকে এবং অন্যদেরকে COVID-19 থেকে সুরক্ষিত রাখার জন্য আইটেমসমূহ, যার মধ্যে রয়েছে হ্যান্ড স্যানিটাইজার, এবং প্রত্যেক ব্যক্তির জন্য মাস্ক।
- ☐ অন্যান্য ব্যক্তিগত জিনিসপত্র:


FIRST AID KIT
COMPACT SIZE
TOOTH PASTE
GRANOLA BAR
HAND SANITIZER
PASSPORT
United States of America
THE UNITED STATES OF AMERICA
FIVE DOLLARS
ONE DOLLAR
BATTERY
BATTERY
READY NEW YORK
MY
EMERGENCY
PLAN
HIGH SENSITIVITY RECEIVER

# একটি জরুরি সরবরাহ কিট তৈরি করুন

শৈত্য প্রবাহ বা তাপদাহের মত কিছু বিপর্যয়কর পরিস্থিতিতে আপনাকে বাড়িতে অবস্থান করতে হতে পারে। একটি জরুরি সরবরাহ কিটে সাত দিন পর্যন্ত চলার মত পর্যাপ্ত জিনিসপত্র থাকা উচিত।

**আপনার যেসব জিনিসপত্রের তালিকা আছে সেগুলোতে টিকচিহ্ন দিন এবং যেগুলো আপনার প্রয়োজন হবে সেগুলো যোগ করুন:**

- ☐ প্রতিদিন জনপ্রতি এক গ্যালন খাওয়ার পানি
- ☐ অপচনশীল, রেডি-টু-ইট কৌটাজাত খাবার, এবং একটি হস্তচালিত ক্যান ওপেনার
- ☐ ফার্স্ট-এইড কিট
- ☐ আপনি যেসব ওষুধপত্র খান সেগুলোর নাম এবং সেগুলো কেন খান তার তালিকা, এবং সেগুলোর ডোজ সম্পর্কিত তথ্যসহ প্রয়োজনীয় ওষুধপত্র
- ☐ ফ্ল্যাশলাইট বা ব্যাটারি চালিত লণ্ঠন, ব্যাটারি চালিত AM/FM রেডিও, ও অতিরিক্ত ব্যাটারি, অথবা উইন্ড-আপ রেডিও যেটিতে ব্যাটারির প্রয়োজন হয় না
- ☐ গ্লো স্টিক
- ☐ হুইসেল বা ঘণ্টা
- ☐ সম্ভব হলে, বিকল্প চিকিৎসা সরঞ্জাম (যেমন অক্সিজেন, ওষুধপত্র, স্কুটারের ব্যাটারি, হিয়ারিং এইড, হাঁটাচলায় সাহায্যের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম, চশমা, ফেসমাস্ক, দস্তানা)
- ☐ মেডিকেল ডিভাইসের (যেমন পেসমেকার) ধরন ও ক্রমিক নম্বর এবং সেগুলো ব্যবহারের নির্দেশনা
- ☐ অন্যান্য জিনিসপত্র:

শৈত্য প্রবাহ বা তাপদাহের মত বিপর্যয়কর পরিস্থিতিতে আপনার প্রয়োজন হতে পারে এমন জিনিসপত্র যুক্ত করার কথা ভাবুন।

**শীতকালীন আবহাওয়ার জন্য দরকারি জিনিপত্র:**

- ☐ কম্বল, স্লিপিং ব্যাগ, ইনসুলেশনের জন্য অতিরিক্ত সংবাদপত্র
- ☐ অতিরিক্ত মোটা উলের দস্তানা, পায়ের-মোজা, মাফলার ও উলের টুপি, বর্ষাতি ও অতিরিক্ত পোশাক-পরিচ্ছদ
- ☐ অন্যান্য জিনিসপত্র:

**গ্রীষ্মকালীন আবহাওয়ার জন্য দরকারি জিনিসপত্র:**

- ☐ হালকা, ঢিলেঢালা পোষাক-পরিচ্ছদ
- ☐ সানস্ক্রিন (কমপক্ষে SPF 15)
- ☐ বিদুৎ বিভ্রাটের ক্ষেত্রে ব্যবহারের জন্য জরুরি খাদ্য প্রস্তুতকরণ সামগ্রী, যেমন ডিসপোজেবল প্লেট, কাপ ও তৈজসপত্র

**যদি আপনার গাড়ি থাকে, তাহলে গাড়ির ভেতরে রাখার জন্য একটি জরুরি জিনিসপত্রের বাক্স তৈরি করার কথা ভাবুন যার মধ্যে থাকবে:**

- ☐ চাকার নিচে ঘর্ষণ সৃষ্টির জন্য বালির বস্তা বা কিটি লিটার, এবং একটি ছোট বেলচা
- ☐ এক সেট টায়ার চেইন বা ট্র্যাকশন ম্যাট
- ☐ একটি সচল জ্যাক ও লাগ রেঞ্চ, অতিরিক্ত টায়ার
- ☐ উইন্ডশিল্ড স্ক্র্যাপার ও ঝাড়ু
- ☐ ছোটখাট যন্ত্রপাতি (প্লায়ার্স, রেঞ্চ, স্ক্রু-ড্রাইভার)
- ☐ বুস্টার কেবল
- ☐ পতাকা হিসেবে ব্যবহারের জন্য উজ্জ্বল রংয়ের কাপড়, এবং ফ্লেয়ার বা ত্রিভুজাকৃতির প্রতিফলক

# একটি জরুরি সরবরাহ কিট তৈরি করুন (চলমান)



**বিশেষভাবে বিবেচনা করুন**

- জরুরি পরিস্থিতিতে আপনার দরকারি জিনিসপত্রের তালিকায় সেসব জিনিসই যুক্ত করার কথা ভাবুন যেগুলো পুষ্টিগত ও চিকিৎসাগত চাহিদাসহ আপনার প্রয়োজনকে সবচেয়ে ভালোভাবে পূরণ করে।
- যদি আপনি বিদুৎচালিত চিকিৎসা সরঞ্জামের উপর নির্ভরশীল থাকেন, তাহলে বিকল্প শক্তির উৎস সম্পর্কে তথ্যের জন্য আপনার চিকিৎসা সরঞ্জাম সরবরাহকারী কোম্পানির সাথে যোগাযোগ করুন।
- জীবন-রক্ষাকারী সরঞ্জাম চালানোর জন্য আপনি বিদ্যুতের উপর নির্ভরশীল থাকলে, আপনার মেডিকেল সরঞ্জামের কারণে আপনি জীবন-রক্ষাকারী সরঞ্জামের গ্রাহক হিসেবে তালিকাভুক্ত হওয়ার যোগ্য কিনা সে সম্পর্কে আপনার ইউটিলিটি কোম্পানিকে জিজ্ঞেস করুন। যদিও নথিভুক্ত করাটা একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ, কিন্তু আপনার বিদ্যুতের ব্যাকআপ উৎস রাখা উচিত, যেমন ব্যাটারি, বা এমন অক্সিজেন ট্যাংক যার জন্য বিদ্যুতের প্রয়োজন হয় না।
- যদি আপনি অক্সিজেনের উপর নির্ভরশীল থাকেন, তাহলে জরুরি প্রতিস্থিতিতে বদলানোর প্রয়োজনের ব্যাপারে আপনার অক্সিজেন সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।
- যদি আপনি ডায়ালাইসিস বা কেমোথেরাপির মত জটিল চিকিৎসা গ্রহণ করেন, তাহলে জরুরি পরিস্থিতিতে আপনি কিভাবে এসব চিকিৎসা গ্রহণ অব্যাহত রাখতে পারেন সে ব্যাপারে আপনার প্রোভাইডারের সাথে কথা বলুন।

আপনি এই গাইডটি পূরণ করার পর,
আপনি হবেন একজন রেডি নিউ ইয়র্কার!
**অভিনন্দন!**

# জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুত থাকুন

জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির মধ্যে প্রচণ্ড গ্রীষ্মের উত্তাপ থেকে শুরু করে রোগ ব্যাধির প্রাদুর্ভাব পর্যন্ত যেকোনো কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে। এসব বিপত্তি সবার উপর প্রভাব ফেলতে পারে। স্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির ক্ষেত্রে:

- আপনি অসুস্থ বোধ করলে বাড়িতেই থাকুন।
- আপনার অবস্থা গুরুতর হয়ে উঠলে বা অবনতির লক্ষণ দেখলে, অবিলম্বে কোনো হাসপাতালের ইমার্জেন্সি বিভাগে চলে যান অথবা 911 নম্বরে ফোন করুন।
- COVID-19 এর মতো ভাইরাসের বিস্তার ধীর করে দিতে পাবলিক প্লেসে একটি মাস্ক পরুন, এবং আপনার হাতগুলো ঘন ঘন ধুয়ে নিন।
- সাবান বা অ্যালকোহল-ভিত্তিক পরিস্কারক সামগ্রী দিয়ে ঘন ঘন হাত ধুয়ে নিন।
- স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের ঘোষণা শুনতে স্থানীয় টিভি ও রেডিও শুনতে থাকুন।
- গ্রীষ্মের প্রচণ্ড উত্তাপের সময়, নগর কর্তৃপক্ষ কুলিং সেন্টার খুলবে। সেন্টারগুলো খোলার পর আপনার নিকটবর্তী সেন্টারের অবস্থান জানার জন্য NYC.gov ওয়েবসাইটে যান অথবা 311 নম্বরে যোগাযোগ করুন।
- আপনার টিকা গ্রহণের ও মেডিকেল রেকর্ডগুলো হালনাগাদ আছে তা নিশ্চিত করুন। লভ্য টিকা সম্পর্কে তথ্যের জন্য NYC.gov ওয়েবসাইটে যান অথবা 311-এ যোগাযোগ করুন।
- যদি আপনাকে কোনো জরুরি আশ্রয়কেন্দ্রে যেতেই হয়, তাহলে আপনাকে COVID-19 এর লক্ষণগুলির জন্য স্ক্রিনিং করা হবে। ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর নির্দেশনা অনুযায়ী জরুরি আশ্রয়কেন্দ্রগুলি পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি জোরদার করেছে।

সুস্থ ও নিরাপদ থাকার উপায়গুলো সম্পর্কে আরো তথ্যের জন্য ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর ওয়েবসাইট NYC.gov/health দেখুন, বা 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন। 911 নম্বরে ফোন করে স্বাস্থ্য সংক্রান্ত জরুরি পরিস্থিতি সম্পর্কে জানান।

# অপ্রত্যাশিত ঘটনাবলির জন্য প্রস্তুত থাকুন

নিউ ইয়র্কের অধিবাসীদের সবসময় সজাগ থাকা ও অপ্রত্যাশিত ঘটনার জন্য প্রস্তুত থাকা উচিত। সন্ত্রাসবাদী ঘটনা ঘটলে, নিজেকে রক্ষার জন্য আপনার নিচে উল্লিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করা গুরুত্বপূর্ণ।

**নিরাপদ জায়গায় সরে যেতে হবে নাকি সেখানেই অবস্থান করতে হবে সেই ব্যাপারে জরুরি পরিস্থিতি নিয়ন্ত্রণকারী কর্মকর্তাদের নির্দেশনা মেনে চলুন:**

- যদি আপনাকে নিরাপদ জায়গায় সরে যেতে বলা হয়, তাহলে যত দ্রুত সম্ভব বের হয়ে যাবেন। সম্ভব হলে মেঝের কাছাকাছি অবস্থান গ্রহণ করুন। যদি আপনি বাস, সাবওয়ে বা ট্রেনের মত গণপরিবহনে ভ্রমণ করেন এবং আপনাকে নিরাপদ জায়গায় সরে যেতে বলা হয়, তাহলে ক্রু অথবা অন্যান্য জরুরি উদ্ধারকর্মীদের দেয়া নির্দেশনা মেনে চলার বিষয়টি মনে রাখবেন।
- যদি আপনাকে বর্তমান অবস্থানের জায়গায় থাকতে বলা হয় অথবা "বর্তমান অবস্থানের জায়গায় আশ্রয় নিতে" বলা হয়, তাহলে আপনাকে আর কোনো নির্দেশ না দেওয়া পর্যন্ত সেই জায়গা ছেড়ে যাবেন না। দরজাগুলো তালা দিয়ে দিন, জানালা, ঘুলঘুলি, ও ফায়ারপ্লেসের ড্যাম্পারগুলো শক্তভাবে আটকে দিন।

**সতর্ক থাকুন ও সক্রিয় থাকুন**

আপনার চারপাশ সম্পর্কে সবসময় সচেতন থাকুন। যদি আপনি অস্বাভাবিক কিছু দেখেন, তাহলে সেটি নিজের কাছে রাখবেন না; সেটি সম্পর্কে অবিলম্বে রিপোর্ট করার বিষয়টি নিশ্চিত করুন।

- যদি আপনি সন্দেহজনক কোনো কিছু দেখেন বা শুনেন, তাহলে 1-888-NYC-SAFE (1-888-692-7233) বা 911 নম্বরে ফোন করুন।
- যদি আপনি MTA বাসে ও সাবওয়েতে অথবা জনসমাগমস্থলে পরিত্যক্ত কোনো লাগেজ বা ব্যাগ দেখতে পান, তাহলে MTA বা NYPD-কে জানান।
- যদি আপনি সন্দেহজনক কোনো চিঠি পান, তাহলে সেটি স্পর্শ করবেন না। সেটির ব্যাপারে NYPD-কে জানান অথবা 911 নম্বরে ফোন করুন। আপনি প্যাকেটটি নাড়াচাড়া করে থাকলে সাবান ও পানি দিয়ে সাথে সাথে আপনার হাত ধুয়ে ফেলুন।

আরো তথ্যের জন্য, NYC.gov/plannow ওয়েবসাইট দেখুন।

# অবহিত থাকুন

## নিউ ইয়র্ক সিটির তথ্যসূত্র

অন্য কোনো নির্দেশনা দেয়া না হলে, 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন, অথবা সিটির এজেন্সিগুলোর সাথে যোগাযোগ করতে NYC.gov ব্যবহার করুন।

**NYC জরুরি পরিস্থিতি ব্যবস্থাপনা**
NYC.gov/emergencymanagement

**NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট আউটরিচ অ্যান্ড এনগেজমেন্ট রিসোর্সেস**
**রেডি নিউ ইয়র্ক - তথ্য সামগ্রী ও উপস্থাপনাসমূহের জন্য অনুরোধ জানান**
NYC.gov/readyny

**NYC কমিউনিটি প্রিপেয়ার্ডনেস - কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা সম্পর্কে তথ্যসূত্র ও তথ্য গ্রহণ করুন**
NYC.gov/communitypreparedness

**NYC CERT - কমিউনিটির জরুরি স্বেচ্ছাসেবক হিসেবে প্রশিক্ষণ নিন**
NYC.gov/cert

**প্রস্তুতির অংশীদারগণ - আপনার ব্যবসা প্রতিষ্ঠানের প্রস্তুত থাকা নিশ্চিত করুন**
NYC.gov/partnersinpreparedness

**হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার**
NYC.gov/knowyourzone

**NYC ডিপার্টমেন্ট ফর দ্য এইজিং**
NYC.gov/aging

**মেয়রের কার্যালয়ে প্রতিবন্ধী জনগোষ্ঠী বিষয়ক বিভাগ**
NYC.gov/mopd

**NYC ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ডমেন্টাল হাইজিন**
NYC.gov/health

**NYC COVID-19 তথ্য পোর্টাল**
NYC.gov/coronavirus

## অবহিত থাকুন

**ফেসবুক ও টুইটারে NYC জরুরি পরিস্থিতি ব্যবস্থাপনা**
www.facebook.com/NYCemergencymanagement
@nycemergencymgt

**Facebook ও Twitter-এ সিটি অব নিউ ইয়র্ক**
www.facebook.com/nycgov
@nycgov

**Notify NYC – বিনামূল্যে জরুরি সতর্কবার্তা গ্রহণ করুন**
আপনার জন্য অতীব গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিগুলো গ্রহণ করুন। ফ্রি মোবাইল অ্যাপ ডাউনলোড করে, NYC.gov/notifynyc ওয়েবসাইটে গিয়ে, 311 নম্বরে কল করে, অথবা টুইটারে @NNYCBengali অনুসরণ করে নিবন্ধিত হোন।

**অগ্রিম সতর্কবাণী প্রদানকারী ব্যবস্থা**
সেই সব প্রতিষ্ঠানের জন্য যারা প্রতিবন্ধী লোকজন অথবা প্রবেশযোগ্যতা ও ব্যবহারিক চাহিদাসম্পন্ন অন্যান্য ব্যক্তিদেরকে পরিষেবা প্রদান করে থাকে
www.advancewarningsystemnyc.org

**ন্যাশনাল ফ্লাড ইন্স্যুরেন্স প্রোগ্রাম**
www.floodsmart.gov
1-888-379-9531

**ন্যাশনাল হারিকেন সেন্টার/ট্রপিক্যাল প্রেডিকশন সেন্টার**
www.nhc.noaa.gov

**ন্যাশনাল ওয়েদার সার্ভিস**
www.weather.gov

**সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)**
www.cdc.gov

## ইউটিলিটি

**Con Edison**
1-800-75-CONED, (800-752-6633), (TTY: 800-642-2308)
www.coned.com

**Public Service Electric and Gas Company - Long Island (PSEG Long Island)**
1-800-490-0025, (TTY: 631-755-6660)
www.psegliny.com

**National Grid**
718-643-4050, (TTY: 718-237-2857)
www.nationalgridus.com

## ফ্লাড জোন

বন্যার জন্য বিমার হার ও ভবন সংক্রান্ত নীতিমালা তৈরির জন্য ফ্লাড জোনগুলো ব্যবহার করা হয়। উপকূলীয় ঝড়ের সময় নিরাপদ জায়গায় আশ্রয় নেয়ার প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য অধিবাসীদের ফ্লাড জোনগুলো ব্যবহার করা উচিত নয়। শহরের দিকে ধেয়ে আসা ঝড়ের প্রকৃত অবস্থা বিবেচনা করে ইভ্যাকুয়েশনের কোন জোনগুলো (জোন 1 থেকে জোন 6 পর্যন্ত) থেকে নিরাপদ আশ্রয়ে সরে যেতে হবে সে বিষয়ে সিটি সিদ্ধান্ত নেবে। ফ্লাড জোনগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য: www.floodhelpny.org

### অলাভজনক পরিষেবা প্রদানকারীগণ

**বৃহত্তর নিউ ইয়র্কের অ্যামেরিকান রেড ক্রস**
877-RED-CROSS (877-733-2767)
www.redcross.org/gny

**প্রতিবন্ধীদের জরুরি প্রস্তুতির উদ্যোগ সম্পর্কিত জাতীয় সংস্থা**
202-293-5960, (TTY: 202-293-5968)
www.nod.org/emergency

**NYC Well**
NYC Well হলো বিনামূল্যে, গোপনীয় মানসিক স্বাস্থ্য সহায়তা পাওয়ার জন্য আপনার চাবিকাঠি। ফোন, টেক্সট মেসেজ বা অনলাইন চ্যাটের মাধ্যমে একজন কাউন্সেলরের সাথে কথা বলুন।


1-888-NYC-WELL, (1-888-692-9355), (TTY: 711)
"WELL" লিখে 651-73 নম্বরে টেক্সট করুন
NYC.gov-এ গিয়ে "NYC Well" লিখে সার্চ করুন

### আমার তথ্যসূত্র

এখানে আপনার নিজস্ব গুরুত্বপূর্ণ তথ্যসূত্র ও ফোন নম্বরগুলো যোগ করুন।

এই প্রকল্পে কঠোর পরিশ্রমের সাথে কাজ করার জন্য NYC জরুরি পরিস্থিতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রবেশযোগ্যতা ও ব্যবহারিক চাহিদাসম্পন্নদের পরামর্শক গ্রুপের সদস্যদেরকে ধন্যবাদ জানাচ্ছে।

# অবহিত থাকুন!



এখুনি সিটির জরুরি অফিসিয়াল নোটিফিকেশন সিস্টেমে বিনামূল্যে সাইন-আপ করুন।

ফ্রি অ্যাপ **নিন, NYC.gov** ওয়েবসাইটে যান, **311**-এ ফোন করুন, বা টুইটারে **@NNYCBengali** অনুসরণ করুন।

■ **আমি Notify NYC-এর জন্য সাইন আপ করেছি**

# এছাড়াও এই গাইডটি অডিও ফরম্যাটে পাওয়া যায়

**ARABIC**
للحصول على نسخة من هذا الدليل باللغة العربية اتصل بـ 311 (خدمة ترحيل الفيديو: 212-639-9675
أو الهاتف النصي لضعاف السمع: 212-504-4115) أو قم بزيارة NYC.gov/readyny

**BENGALI**
এই গাইডের একটি বাংলা কপি পেতে চাইলে, 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন অথবা NYC.gov/readyny দেখুন।

**CHINESE**
如欲索取中文版的指南，請致電 311 (212-639-9675 進行視頻中繼服務，或致電 TTY：212-504-4115) 或訪問 NYC.gov/readyny。

**ENGLISH**
Call 311 (212-639-9675 for Video Relay Service, or TTY: 212-504-4115) or visit NYC.gov/readyny for copies of this guide in English.

**FRENCH**
Pour obtenir une copie en français de ce guide, appelez le 311 (212-639-9675 pour le service de relais vidéo ou ATS : 212-504-4115) ou visitez le site NYC.gov/readyny.

**HAITIAN CREOLE**
Pou jwenn yon kopi gid sa a nan lang Kreyòl Ayisyen, rele 311 (212-639-9675 pou Sèvis Relè nan Videyo, oswa TTY: 212-504-4115) oswa ale nan sitwèb NYC.gov/readyny.

**ITALIAN**
Per ottenere una copia di questa guida in italiano, telefonare al numero 311 (212-639-9675 per il Video Relay Service, oppure TTY: 212-504-4115), o visitare il sito NYC.gov/readyny.

**KOREAN**
본 안내서의 한국어 사본을 받으시려면 311번(비디오 중계 서비스: 212-639-9675번 또는 TTY: 212-504-4115번)으로 문의하시거나 NYC.gov/readyny를 방문하십시오.

**POLISH**
W celu otrzymania polskiej kopii niniejszego przewodnika, należy zadzwonić pod nr 311 (212-639-9675, żeby połączyć się z Video Relay Service, lub TTY: 212-504-4115) lub zajrzeć na stronę internetową NYC.gov/readyny.


**RUSSIAN**
Для того чтобы получить данную брошюру на русском языке, позвоните по телефону 311 (или по телефону видеорелейной службы 212-639-9675 или текстовому телефону TTY: 212-504-4115) или посетите веб-сайт NYC.gov/readyny.

**SPANISH**
Llame al 311 (212-639-9675 para el Servicio de Transmisión de Video o TTY: 212-504-4115) o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

**URDU**
اس ہدایت نامے کی اردو کاپی حاصل کریں، 311 (ویڈیو ریلے سروس کے لئے 212-639-9675 یا ٹی ٹی وائی
212-504-4115) پر کال کریں یاNYC.gov/readyny دیکھیں۔

**YIDDISH**
צו ערהאלטן א אידישע קאפיע פון דעם וועגווייזער, רופט 311 (212-639-9675 פאר ווידעא רילעי סערוויס, אדער
TTY: 212-504-4115) אדער באזוכטNYC.gov/readyny.

2022 Bengali Edition



# নিউ ইয়র্ক প্রস্তুত




**যে পরিভাষাগুলো আপনার জেনে রাখা উচিত**

### হারিকেনের মৌসুম

জুনের 1 থেকে নভেম্বরের 30 তারিখ পর্যন্ত (ঐতিহাসিকভাবে, নিউ ইয়র্ক সিটিতে হারিকেন আঘাত হানার সবচেয়ে বেশি সম্ভাবনা থাকে অগাস্ট থেকে অক্টোবরের মধ্যে)।

### ট্রপিক্যাল সাইক্লোন

মেঘ ও বজ্র-ঝড়ের সুসংগঠিত, ঘূর্ণায়মান, নিম্ন-চাপযুক্ত আবহাওয়ার অবস্থা যা বিষুবরেখার উপর সৃষ্টি হয়।

### ট্রপিক্যাল ঝড়

একটি ট্রপিক্যাল সাইক্লোন যার বাতাসের একটানা গতিবেগ ঘন্টায় 39-73 মাইল।

### হারিকেন

একটি ট্রপিক্যাল সাইক্লোন যার বাতাসের একটানা গতিবেগ ঘন্টায় 74 মাইল বা তারচেয়ে বেশি।

### হারিকেন ওয়াচ

কোনো নির্দিষ্ট এলাকায় হারিকেনের মত অবস্থা দেখা দেয়ার সম্ভাবনা রয়েছে এমন একটি ঘোষণা। ট্রপিক্যাল-ঝড়ের শক্তিসম্পন্ন বাতাস দেখা দেয়ার সম্ভাব্য সময়ের 48 ঘন্টা আগে ওয়াচ ইস্যু করা হয়।

### হারিকেন ওয়ার্নিং

কোনো নির্দিষ্ট এলাকায় হারিকেনের মত অবস্থার প্রত্যাশা করা হচ্ছে এমন একটি ঘোষণা। ট্রপিক্যাল-ঝড়ের শক্তিসম্পন্ন বাতাস দেখা দেয়ার সম্ভাব্য সময়ের 36 ঘন্টা আগে এই ওয়ার্নিং ইস্যু করা হয় এবং বিপজ্জনক উচ্চতাবিশিষ্ট পানি ও ঢেউ অব্যাহত থাকলে এই ওয়ার্নিং বলবৎ থাকতে পারে।

## ঝুঁকিগুলো সম্পর্কে জানুন

### ঝোড়ো ঢেউয়ের সাথে বন্যা

হারিকেনের সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতির জন্য দায়ী, ঝোড়ো ঢেউ হলো সমুদ্রের পানির একটি বিশাল উঁচু ঢেউ যাকে আসন্ন হারিকেনের ঝোড়ো হাওয়া ঠেলে পাড়ে নিয়ে আসে। একটি বড় ধরনের হারিকেন নিউ ইয়র্ক সিটির কিছু এলাকায় 30 ফুটেরও বেশি উঁচু (তিন-তলা ভবনের সমান উঁচু) ঝোড়ো ঢেউ ঠেলে আনতে পারে, এবং ঝোড়ো ঢেউ ভূখন্ডের ভেতরে কয়েক মাইল পর্যন্ত চলে আসতে পারে। ঝোড়ো ঢেউয়ের সাথে বন্যা ও বার বার আঘাত হানা বড় বড় ঢেউগুলো জীবনকে বিপন্ন করতে পারে, বাড়িঘর ধ্বংস করতে পারে, সমুদ্র সৈকত ও বালিয়াড়িগুলোকে ক্ষয় করতে পারে, এবং রাস্তা ও সেতুর ক্ষতি করতে পারে।

### বাতাস

ঘন্টায় 74 মাইল বা তারচেয়ে বেশি বেগের একটানা বাতাস সহ, হারিকেন ঘর-বাড়িকে ক্ষতিগ্রস্ত করতে পারে, গাছপালা উপড়ে ফেলতে পারে, এবং আলগা জিনিসপত্রগুলোকে মারাত্মক ক্ষেপণাস্ত্রে পরিণত করতে পারে।

### বৃষ্টি

হারিকেনের কারণে সৃষ্ট ভারী বৃষ্টি থেকে হঠাৎ করে বন্যা হতে পারে। নিচু ও পানি নামার সুব্যবস্থা নেই এমন এলাকাগুলোতে বন্যা হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে।

## যদি ঝড় এগিয়ে আসতে থাকে

প্রস্তুত হওয়ার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুন:

- আলগা, হালকা জিনিসপত্রগুলো, যেমন লনের আসবাবপত্র ও আবর্জনার বাক্সগুলো বাড়ির ভেতরে নিয়ে আসুন।
- যে জিনিসগুলো ভেতরে নিয়ে আসা নিরাপদ হবে না সেগুলো শক্ত করে বেঁধে রাখুন, যেমন গ্যাস গ্রিল বা প্রোপেন ট্যাংক।
- জানালা ও বাইরের দিকের দরজাগুলো সুরক্ষিতভাবে বন্ধ করুন।
- মূল্যবান জিনিসপত্রগুলো বেসমেন্ট থেকে উপরের দিকের ফ্লোরগুলোতে নিয়ে যান। (বেসমেন্টে বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে।
- সেল ফোনের ব্যাটারিগুলোতে চার্জ দিয়ে রাখুন।
- আপনার গাড়ি ও জেনারেটরে জ্বালানী ভরে রাখুন।
- যদি আপনি ইভ্যাকুয়েশন জোনের ভেতরে বসবাস করেন, তাহলে আপনার গাড়ি উঁচু জায়গায় সরিয়ে ফেলার বিষয়টি বিবেচনা করুন।
- আপনার রেফ্রিজারেটর ও ফ্রিজারের সেটিংস আরো ঠান্ডায় দিয়ে রাখুন। যদি আপনার বিদ্যুৎ চলে যায়, তাহলে ঠান্ডা রাখা দরকার এমন জিনিসগুলো দীর্ঘ সময় ধরে ঠান্ডা থাকবে।
- আপনার বাথটাব ও অন্যান্য বড় কন্টেইনারগুলো পানি দিয়ে ভর্তি করে রাখুন — বিদ্যুৎ চলে গেলে আপনার পানি সরবরাহ বন্ধ হয়ে যেতে পারে।
- প্রেসক্রিপশনের ওষুধপত্র রিফিল করার জন্য শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করবেন না।
- বাড়তি নগদ অর্থ হাতে রাখুন

## ঝড়ের শ্রেণিবিভাগ

হারিকেনের বাতাসের একটানা গতিবেগের উপর ভিত্তি করে হারিকেনগুলোকে পাঁচটি শ্রেণিতে (1 থেকে 5) বিভক্ত করা হয়। ঝড়ের বাতাসের গতি ও তীব্রতা বাড়ার সাথে সাথে, শ্রেণির নম্বরও বাড়তে থাকে।

## যথাযথ বিমা নিন

আপনি ভাড়া থাকেন বা নিজেই বাড়ির মালিক হন, বেসিক পলিসিগুলোতে বন্যা ও বাতাসের ক্ষতি কভার করা হয় না। আপনার বাড়িতে বন্যার ক্ষয়ক্ষতির কভারেজের জন্য আপনাকে আলাদা পলিসি কিনতে হবে। ন্যাশনাল ফ্লাড ইন্সুরেন্স প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য www.floodsmart.gov দেখুন।

## আপনার জোন কোনটি তা জানুন*

ঝোড়ো ঢেউয়ের কারণে সৃষ্ট বন্যার ঝুঁকির উপর ভিত্তি করে শহরের বন্যাপ্রবণ এলাকাগুলোকে ছয়টি ইভ্যাকুয়েশন জোনে (1 থেকে 6) বিভক্ত করা হয়েছে। হারিকেনের পূর্বাভাষ প্রদানকৃত গতিপথ এবং ঝড়ের দ্বারা সৃষ্ট ঢেউয়ের সম্ভাব্য উচ্চতার উপর ভিত্তি করে সিটি বাসিন্দাদেরকে বাড়ি-ঘর ছেড়ে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য নির্দেশ দিতে পারে।

- আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনে বসবাস করেন কিনা তা জানতে NYC.gov/knowyourzone ওয়েবসাইটে 'হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার' ব্যবহার করুন, অথবা 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন, বা এই ম্যাপটি ব্যবহার করুন। যদি আপনার বাড়ির ঠিকানা সিটির কোনো হারিকেন ইভ্যাকুয়েশন জোনের মধ্যে থাকে, তাহলে আপনার এলাকার জন্য ইভ্যাকুয়েশন অর্ডার জারি করা হলে আপনি কোথায় যাবেন সে সম্পর্কে একটি পরিকল্পনা তৈরি করে রাখুন। নিউ ইয়র্ক সিটি কোনো হারিকেনের হুমকির মুখে পড়লে আপনাকে বাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য নির্দেশ দেয়া হতে পারে।
- বাড়ি ছেড়ে চলে আসা ব্যক্তিদেরকে ইভ্যাকুয়েশন জোনের সীমানার বাইরে বসবাসরত বন্ধু-বান্ধব বা পরিবারের সদস্যদের সাথে থাকার জন্য প্রস্তুত থাকতে হবে।
- যদি আপনি পরিবার বা বন্ধু-বান্ধবের সাথে থাকতে না পারেন, তাহলে কোন ইভ্যাকুয়েশন সেন্টারটি আপনার জন্য সবচেয়ে উপযুক্ত হবে তা চিহ্নিত করতে 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন, বা সংযুক্ত ম্যাপটি ব্যবহার করুন।

## প্রতিবন্ধী, ও যাদের চলাফেরা ও দৈনন্দিন জীবন যাপনের জন্য সাহায্য প্রয়োজন তাদের জন্য

সরে যাওয়ার, আপনার ভবনে এলিভেটর ব্যবহারের, অবস্থানের জায়গায় আশ্রয় নেয়ার, বা জরুরি পরিষেবা কর্মীদের সাথে যোগাযোগ করার ক্ষেত্রে আপনার চাহিদাগুলো যেভাবে আপনাকে প্রভাবিত করতে পারে তা মোকাবেলার ব্যবস্থা যাতে আপনার পরিকল্পনায় থাকে তা নিশ্চিত করুন। আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার পরিবার, বন্ধু-বান্ধব, ভবনের কর্মী, বা পরিষেবা প্রদানকারীদের কাছ থেকে সাহায্য নেয়ার ব্যবস্থা করুন। ঝড়ের আগে যদি আপনি নিজে নিজে বাড়ি থেকে সরে যেতে অক্ষম হন, তাহলে সাহায্যের জন্য 311-এ ফোন করুন বা মেসেজ পাঠান।

জীবন-রক্ষাকারী সরঞ্জামের জন্য যদি আপনার বিদ্যুতের প্রয়োজন হয়, তাহলে বাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে যাওয়ার পরিকল্পনা করুন। হারিকেনের পর আপনার বিদ্যুৎ চলে যেতে পারে। আপনার মেডিকেল সরঞ্জামের কারণে আপনি জীবন-রক্ষাকারী সরঞ্জামের গ্রাহক হিসেবে তালিকাভুক্ত হওয়ার যোগ্য কিনা সে সম্পর্কে আপনার ইউটিলিটি কোম্পানিকে জিজ্ঞেস করুন।

ভ্রমণের জন্য বাড়তি সময় হাতে রাখুন এবং আপনার পরিবহন, খাওয়া-দাওয়া, ও চিকিৎসাগত চাহিদার (অক্সিজেন, বাড়তি ব্যাটারি/চার্জার, চশমা, প্রেসক্রিপশনের ওষুধ, ইত্যাদি) বিষয়গুলো বিবেচনা করুন। আপনার সব ওষুধ সাথে করে নিয়ে আসবেন, এবং আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে যোগাযোগের তথ্য লিখে রাখুন।

ই-মেইল, ফোন, এসএমএস/টেক্সট, বা টুইটারের মাধ্যমে জরুরি বিজ্ঞপ্তি ও হালনাগাদ তথ্য পাওয়ার জন্য Notify NYC-এর সাথে সাইন-আপ করুন। অ্যামেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)-এও মেসেজ পাওয়া যায়। ফ্রি মোবাইল অ্যাপ্লিকেশন নিন, NYC.gov/notifynyc ওয়েবসাইটে যান, 311-এ ফোন করুন, বা টুইটারে @NotifyNYC-কে অনুসরণ করুন। হালনাগাদ তথ্যের জন্য NYC.gov/emergencymanagement দেখতে ভুলবেন না।

## যদি আপনাকে নিরাপদ জায়গায় সরে যাওয়ার নির্দেশ দেয়া না হয়

### বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়ে যাওয়ার প্রস্তুতি নিয়ে রাখুন

বিদ্যুৎ সরবরাহ বা অন্যান্য মৌলিক পরিষেবাগুলো বিচ্ছিন্ন হয়ে গেলে ব্যবহারের জন্য আপনার জরুরি সরবরাহ কিটে সুপারিশকৃত সবগুলো আইটেম রয়েছে সেই বিষয়ে নিশ্চিত হয়ে নিন।

### বর্তমান অবস্থানের জায়গায় আশ্রয় গ্রহণ

যদি আপনার বাড়ি ছেড়ে যাওয়ার প্রয়োজন না হয়, তাহলে বর্তমান অবস্থানের জায়গাতেই আশ্রয় নিন এবং আপনার জরুরি সরবরাহ কিট ব্যবহার করুন। জানালা থেকে দূরে থাকুন।

# যদি আপনাকে নিরাপদ জায়গায় সরে যেতেই হয়

## সিটি যদি আপনার এলাকার জন্য 'ইভ্যাকুয়েশন অর্ডার' জারি করে, তাহলে নির্দেশনা অনুযায়ী নিরাপদ জায়গায় আশ্রয় নিন

শহরের কোন এলাকাগুলো থেকে নিরাপদ জায়গায় চলে যেতে হবে সেই বিষয়ে সিটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। বাধ্যতামূলকভাবে সরে যাওয়ার নির্দেশ জারি করা হলে, নির্দেশনা অনুযায়ী তা করুন। ঝড়ের কয়েক ঘন্টা আগে গণপরিবহন বন্ধ করে দেয়া হতে পারে তা মনে রেখে, সম্ভব হলে গণপরিবহন ব্যবহার করুন। পরিবহনের লভ্য অপশনগুলো সহ কিভাবে নিরাপদ জায়গায় সরে যেতে হবে সে সম্পর্কে বাড়তি তথ্যের জন্য, অনুগ্রহ করে 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

## আপনি কোথায় যাবেন তা জেনে রাখুন

বাড়ি ছেড়ে চলে আসা ব্যক্তিদেরকে ইভ্যাকুয়েশন জোনের বাইরে কোথাও বসবাসরত বন্ধু-বান্ধব বা পরিবারের সদস্যদের সাথে থাকার জন্য সিটি জোরালোভাবে সুপারিশ করে। যাদের আর কোনো আশ্রয়ের জায়গা নেই, তাদের জন্য সিটি পাঁচটি বরোতে ইভ্যাকুয়েশন সেন্টার খুলবে।

যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন সেন্টারে যান, তাহলে কম জিনিসপত্র সাথে নিন, এবং সাথে করে আনবেন:

- আপনার গো-ব্যাগ
- স্লিপিং ব্যাগ বা বেডিং
- আপনি নিয়মিতভাবে ব্যবহার করেন এমন যেকোনো ওষুধের কমপক্ষে এক সপ্তাহের সরবরাহ (যদি সম্ভব হয়), মেডিকেল সরঞ্জাম, বা মেডিকেল যন্ত্রপাতি
- প্রসাধন সামগ্রী

ইভ্যাকুয়েশন সেন্টারগুলোতে প্রতিবন্ধী, ও যাদের চলাফেরা ও দৈনন্দিন জীবন যাপনের জন্য সাহায্য প্রয়োজন হয় তাদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও থাকার ব্যবস্থা থাকবে। কোনো নির্দিষ্ট কেন্দ্রে হুইলচেয়ার ব্যবহারের ফিচারগুলো সম্পর্কে তথ্যের জন্য, NYC.gov/knowyourzone ওয়েবসাইটের হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার ব্যবহার করুন বা 311-এ যোগাযোগ করুন। বাড়ি-ঘর ছেড়ে আসা সব ব্যক্তিকেই গ্রহণ করা হবে, এবং বাড়ি-ঘর ছেড়ে আসা ব্যক্তিদের অভিবাসনগত অবস্থা সম্পর্কে কোনো প্রশ্ন জিজ্ঞেস করা হবে না।

## যদি আপনার পোষা প্রাণী বা সাহায্যকারী প্রাণী থাকে

যদি হারিকেনের কারণে আপনার বাড়ি ছেড়ে চলে আসার প্রয়োজন হয় তাহলে আপনার পোষা প্রাণী বা সাহায্যকারী প্রাণী নিয়ে আপনি কী করবেন সেই বিষয়টি আপনার দুর্যোগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে তা নিশ্চিত করুন।

যদি কোনো কেনেল-এ (পোষা প্রাণী রাখার জায়গা) অথবা ইভ্যাকুয়েশন এলাকার বাইরে কোনো বন্ধু-বান্ধব বা আত্মীয়ের বাড়িতে আপনার পোষা প্রাণী বা সাহায্যকারী প্রাণীকে রেখে আসতে না পারেন, প্রোষা প্রাণী ও সাহায্যকারী প্রাণীদেরকে সিটির সব ইভ্যাকুয়েশন সেন্টারে রাখার অনুমতি দেয়া হয়। আপনার পোষা প্রাণী বা সাহায্যকারী প্রাণীর খাবার, বেঁধে রাখার ফিতা, বহনের সামগ্রী, ও ওষুধপত্র সহ তার যত্ন নেয়ার জন্য দরকারি জিনিসপত্র অনুগ্রহ করে সাথে নিয়ে আসবেন। আপনার পোষা প্রাণী বা সাহায্যকারী প্রাণীর জন্য একটি পরিকল্পনা তৈরি করতে NYC.gov/readyny ওয়েবসাইটের 'নিউ ইয়র্ক প্রস্তুত: আমার পোষা প্রাণীর জন্য জরুরি পরিকল্পনা' ব্যবহার করুন।

## আপনি বেসমেন্টে বসবাস করলে

হারিকেনের কারণে বেসমেন্টের বাসিন্দারা বাড়তি ঝুঁকির সম্মুখীন হতে পারেন, এমনকি তারা ইভ্যাকুয়েশন জোনের বাউন্ডারির বাইরে থাকলেও। সিটির অনেক এলাকা বৃষ্টির কারণে বন্যার মুখোমুখি হতে পারে। যদি আপনি একটি বেসমেন্ট অ্যাপার্টমেন্টে বসবাস করেন, তাহলে মাটির উপরের কোনো শেল্টারে আশ্রয় নেয়ার জন্য প্রস্তুত থাকবেন।

## যদি আপনি কোনো বহুতল ভবনে বসবাস করেন

যদি আপনি কোনো বহুতল ভবনে বসবাস করেন, বিশেষ করে 10ম তলা বা তার উপরে, তাহলে জানালাগুলো থেকে দূরে থাকবেন, কারণ সেগুলো ভেঙে যেতে পারে বা চূর্ণবিচূর্ণ হয়ে যেতে পারে। আপনার নিচের দিকের কোনো ফ্লোরে নেমে যাওয়ার জন্য প্রস্তুত থাকা উচিত। আপনার ভবনের ইভ্যাকুয়েশন প্ল্যান সম্পর্কে সচেতন থাকুন। আপনার ভবন থেকে বের হওয়ার জন্য যদি আপনি এলিভেটরের উপর নির্ভরশীল থাকেন তাহলে আগেভাগেই বের হয়ে যাবেন। এলিভেটর বিকল হয়ে যেতে পারে এবং সবসময় পাওয়া নাও যেতে পারে।

# নিউ ইয়র্ক সিটিতে হারিকেন ইভ্যাকুয়েশন জোন

## NYC-এর ইভ্যাকুয়েশন সেন্টারসমূহ: ম্যাপে আপনার নিকটবর্তী সেন্টারটি খুঁজে নিন

### BRONX

| | | |
|---|---|---|
| **HS OF LAW, GOV'T & JUSTICE**<br>244 E. 163RD ST. | **IS / HS 362**<br>921 E. 228TH ST. | **PS 132**<br>1245 WASHINGTON AVE. |
| **IS 158**<br>800 HOME ST. | **MORRIS HEIGHTS EDUCATIONAL COMPLEX**<br>1780 DR. MARTIN LUTHER KING JR. BLVD. | **PS 211**<br>1919 PROSPECT AVE. |
| **IS 201**<br>730 BRYANT AVE. | **PS 46**<br>2760 BRIGGS AVE. | **PS / IS 218**<br>1220 GERARD AVE. |
| **IS 391**<br>2225 WEBSTER AVE. | **PS 102**<br>1827 ARCHER ST. | **MS / HS 141**<br>660 W. 237 ST. |

### MANHATTAN

| | | |
|---|---|---|
| **NORMAN THOMAS HS**<br>111 E. 33RD ST. | **LOUIS D. BRANDEIS HS**<br>145 W. 84TH ST. | **PS 92**<br>222 W. 134TH ST. |
| **IS 88**<br>215 W. 114TH ST. | **MARTIN LUTHER KING JR. HS**<br>122 AMSTERDAM AVE. | **PS / IS 210**<br>501-503 W. 152ND ST. |
| **IS 90**<br>21 JUMEL PLACE | **MIDTOWN EAST CAMPUS (PS 59)**<br>233 E. 56TH ST. | |
| **IS 131**<br>100 HESTER ST. | **PS 48**<br>4360 BROADWAY | |

### QUEENS

| | | |
|---|---|---|
| **AVIATION HS**<br>45-30 36TH ST. | **PS 12**<br>42-00 72ND ST. | **PS 239**<br>17-15 WEIRFIELD ST. |
| **FRANK SINATRA HS**<br>35-12 35TH AVE. | **JHS 185**<br>147-26 25TH DR. | **PS / IS 268**<br>92-07 175TH ST. |
| **GROVER CLEVELAND HS**<br>21-27 HIMROD ST. | **JHS 190**<br>68-17 AUSTIN ST. | **PS 307**<br>40-20 100TH ST. |
| **HILLCREST HS**<br>160-05 HIGHLAND AVE. | **PS 107**<br>67-02 45TH AVE. | **TOWNSEND HARRIS HS**<br>149-11 MELBOURNE AVE. |
| **HS OF TEACHING, LIB. ARTS & SCI.**<br>74-20 COMMONWEALTH BLVD. | **PS 100**<br>111-11 118TH ST. | |
| **IS 74**<br>61-15 OCEANIA ST. | **PS 149**<br>93-11 34TH AVE. | |

### BROOKLYN

| | | |
|---|---|---|
| **ADAMS STREET EDUCATIONAL CAMPUS**<br>283 ADAMS ST. | **IS 383**<br>1300 GREENE AVE. | **PS 24**<br>427 38TH ST. |
| **IS 258**<br>141 MACON ST. | **MEDGAR EVERS COLLEGE PREP.**<br>1186 CARROLL ST. | **PS 226**<br>6006 23RD AVE. |
| **IS 55**<br>2021 BERGEN ST. | **PS 6**<br>43 SNYDER AVE. | **PS 289**<br>900 ST. MARKS AVE. |
| **IS 88**<br>544 7TH AVE. | **PS 7**<br>858 JAMAICA AVE. | **BROOKLYN TECH HS**<br>29 FORT GREENE PL. |
| **IS 259**<br>7305 FT. HAMILTON PKWY. | **PS 12**<br>430 HOWARD AVE. | **PS / IS 30**<br>7002 4TH AVE. |
| **IS 324**<br>800 GATES AVE. | **PS 23**<br>545 WILLOUGHBY AVE. | |

### STATEN ISLAND

| | | |
|---|---|---|
| **CURTIS HS**<br>105 HAMILTON AVE. | **JEROME PARKER CAMPUS**<br>100 ESSEX DR. | **PS 56**<br>250 KRAMER AVE. |
| **IS 51**<br>20 HOUSTON ST. | **PETRIDES COMPLEX**<br>715 OCEAN TERRACE | |

ইভ্যাকুয়েশন সম্পর্কিত তথ্য পরিবর্তিত হতে পারে। সর্বশেষ তথ্যের জন্য NYC.gov ওয়েবসাইট দেখুন অথবা 311 এ ফোন করুন (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115)। পরিবহন সংক্রান্ত সাম্প্রতিকতম তথ্যের জন্য MTA-এর ওয়েবসাইট www.mta.info দেখুন বা 511-এ ফোন করুন। জরুরি পরিস্থিতিতে ইভ্যাকুয়েশনের জন্য আপনার সহায়তার প্রয়োজন হলে, অনুগ্রহ করে 311-এ ফোন করুন।

## হারিকেন ইভ্যাকুয়েশন জোন**

যখন কোনো উপকূলীয় ঝড় এগিয়ে আসতে থাকে, তখন ঝড়ের ঢেউয়ের কারণে বন্যার ঝুঁকিতে থাকা এলাকাগুলো থেকে লোকজনকে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য সিটি নির্দেশ দিতে পারে, এটা জোন 1 থেকে শুরু হয় এবং প্রয়োজন অনুযায়ী আরো জোন যোগ করা হয়। হারিকেনের শক্তি, গতিপথ, ও ঝড়ের ঢেউয়ের পূর্বাভাষ থেকে জীবনের নিরাপত্তার আশঙ্কার ভিত্তিতে জোনগুলো থেকে লোকজনকে সরিয়ে নেয়া হবে।

আপনি কোনো হারিকেন ইভ্যাকুয়েশন জোনে বসবাস করেন কিনা তা জানতে **NYC.GOV/KNOWYOURZONE** ওয়েবসাইটে যান অথবা **311** নম্বরে ফোন করুন।


- ● ইভ্যাকুয়েশন সেন্টার
- ♿ হুইলচেয়ার প্রবেশযোগ্য ইভ্যাকুয়েশন সেন্টার

** হুইলচেয়ার প্রবেশের ফিচারগুলো সহ, ইভ্যাকুয়েশন সেন্টার সম্পর্কিত তথ্য পরিবর্তিত হতে পারে। ভবনের অবস্থা ও হুইলচেয়ার প্রবেশের সুযোগ সম্পর্কে হালনাগাদ তথ্যের জন্য অনুগ্রহ করে NYC.gov/knowyourzone দেখুন বা 311-এ যোগাযোগ করুন।

বন্যার জন্য বিমার হার ও ভবন সংক্রান্ত নীতিমালা তৈরির জন্য ফ্লাড জোনগুলো ব্যবহার করা হয়। উপকূলীয় ঝড়ের সময় নিরাপদ জায়গায় আশ্রয় নেয়ার প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য অধিবাসীদের ফ্লাড জোনগুলো ব্যবহার করা উচিত নয়। শহরের দিকে ধেয়ে আসা ঝড়ের প্রকৃত অবস্থা বিবেচনা করে ইভ্যাকুয়েশনের কোন জোনগুলো (জোন 1 থেকে জোন 6 পর্যন্ত) থেকে নিরাপদ আশ্রয়ে সরে যেতে হবে সে বিষয়ে সিটি সিদ্ধান্ত নেবে। ফ্লাড জোনগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য, NYC.gov/floodmaps বা www.floodhelpny.org দেখুন।


| জোন 1 | জোন 2 | জোন 3 | জোন 4 | জোন 5 | জোন 6 |
|---|---|---|---|---|---|

**ইভ্যাকুয়েট করার সম্ভাবনা সবচেয়ে বেশি** → **ইভ্যাকুয়েট করার সম্ভাবনা সবচেয়ে কম**



# বিনামূল্যে জরুরি অ্যালার্ট নিন

**Apple ও Android ডিভাইসের জন্য ফ্রি অ্যাপ নিন**




**দেখুন**
NYC.gov/notifynyc

**ফোন করুন**
311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 বা TTY: 212-504-4115)

**অনুসরণ করুন**
Twitter-এ @NNYCBengali

NYC Emergency Management